তারিখ ... 23 APR 2009
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

যায়যায়দিন

# পর্যায়ক্রমে দেশের সব স্কুলে কম্পিউটার ল্যাব করা হবে

সোহেল হায়দার চৌধুরী

সরকারের ঘোষণা অনুযায়ী ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশের সব স্কুলে কম্পিউটার ল্যাব ও সরকারি প্রতিষ্ঠানগুলোকে প্রযুক্তির মাধ্যমে এক ছাতার নিচে নিয়ে আনার কাজ শুরু হয়েছে। এ বিষয়ে করণীয় নির্ধারণে বিজ্ঞান এবং তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগগুলো বেশ কয়েক দফা আলোচনা করেছে। সে আলোচনার সূত্র ধরে দেশের প্রতিটি উপজেলায় দুটি করে স্কুলে কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠার চিন্তাভাবনা করছে সরকার। বিজ্ঞান এবং তথ্য ও প্রযুক্তি মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

সূত্র মতে, একটি ছেলেদের ও একটি মেয়েদের স্কুলে ল্যাব প্রতিষ্ঠার কথা ভাবা হচ্ছে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগগুলোর সঙ্গে প্রাথমিকভাবে আলোচনা করেছে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়। বর্তমানে স্কুলগুলোর তালিকা তৈরির কাজ চলছে। এছাড়া দেশের সব কৃষি অফিসকে কম্পিউটারাইজড করার প্রক্রিয়াও শুরু করেছে সরকার। একই সঙ্গে চলছে গ্রামীণ জনপদে কৃষিকাজে নিয়োজিতদের কম্পিউটার প্রশিক্ষণ কর্মকাণ্ডও। সরকার অনলাইন মানি ট্রানজেকশন সিস্টেমকে আরো জোরদার করে দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে কাজ করছে। পাশাপাশি দেশের সব সরকারি প্রতিষ্ঠানে অনলাইন টেন্ডার রিসিভিং সিস্টেম বিকশিত করার পরিকল্পনা নিয়ে কাজ শুরু করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় প্রয়োজনীয় পরিকল্পনা ও কর্মসূচি নির্ধারণে কাজ শুরু করেছে।

এ প্রসঙ্গে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান যায়যায়দিনকে বলেন, ডিজিটাল বাংলাদেশ ঘোষণার মূল উদ্দেশ্য হলো- সারাদেশের প্রতিটি স্তরের মানুষের মাঝে প্রযুক্তির আলো ছড়িয়ে দেয়া, বিশেষত সমাজে পিছিয়ে পড়াদের জীবনমান উন্নয়ন করা। সে লক্ষ্যে গ্রামের কৃষকদেরও কম্পিউটার ট্রেনিং দিয়ে যুগোপযোগী মানুষ হিসেবে গড়ে তুলতে চান তারা। তিনি বলেন, দেশের সব উপজেলায় দুটি করে স্কুলে কম্পিউটার ল্যাব তৈরি করার পরিকল্পনা নিয়ে এগোচ্ছে সরকার। পর্যায়ক্রমে সব শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে। স্থপতি ইয়াফেস ওসমান আরো বলেন, কেবল শিক্ষা প্রতিষ্ঠানেই নয় দেশের সব সরকারি প্রতিষ্ঠানে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্য নিয়ে কাজ করছে সরকার।